



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

8 JUNE 2024

7:35—7:40 AM IST

ভারতীয় জনতা পার্টির প্রবীণ নেতা নরেন্দ্র মোদী আগামীকাল সন্ধ্যা ছটায় তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করবেন। জাতীয় গণতান্ত্রিক মোর্চার নেতারা গতকাল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করে নতুন সরকার গঠনের দাবি জানান। নতুন দিল্লির পুরনো সংসদ ভবনের সেন্ট্রাল হলে গতকাল অনুষ্ঠিত এন ডি এ সংসদীয় দলের বৈঠকে বিজেপির প্রবীণ নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং এন ডি এ'র নেতা হিসেবে শ্রী মোদীর নাম প্রস্তাব করলে এন ডি এ'র শরিক সবকটি দল এই প্রস্তাবে সমর্থন জানায়। শ্রী মোদী লোকসভায় বিজেপির নেতা হিসেবে নির্বাচিত হওয়ার পাশাপাশি বিজেপি সংসদীয় দলের নেতা হিসেবেও নির্বাচিত হয়েছেন।

পরে বক্তব্য রাখতে গিয়ে শ্রী মোদী নতুন সরকার দেশের জনসাধারণের জীবনশৈলী উন্নত করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করবে বলে উল্লেখ করেন। বৈঠকে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ও মণিপূরের মুখ্যমন্ত্রী এন. বীরেন সিংহও উপস্থিত ছিলেন।

ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খার্গে বলেছেন যে- আই এন ডি আই জোট লোকসভায় সক্রিয় বিরোধী ভূমিকা পালন করবে। তারা জনসাধারণের ইচ্ছা- আকাঙ্ক্ষা বিজেপি সরকারের দ্বারা নিয়ন্ত্রিত হওয়ার ক্ষেত্রে বাধা আরোপ করার জন্য সঠিক সময়ে যথোচিত সিদ্ধান্ত গ্রহণ করবেন বলে শ্রী খার্গে জানিয়েছেন। শ্রী খার্গে আরো জানান যে- আই এন ডি আই মিত্রজোট জনসাধারণকে দেওয়া প্রতিশ্রুতি রক্ষার প্রচেষ্টা করবে।

জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে গৌহাটী খানাপাড়ার আসাম প্রশাসনিক পদাধিকারী কলেজে আয়োজিত স্বাস্থ্য মন্থন-১২ কার্যসূচীতে করিমগঞ্জ জেলা সেরা প্রদর্শন করেছে। জাতীয় স্বাস্থ্য অভিযানের সঞ্চালক, এম এস লক্ষ্মীপ্রিয়ার পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে করিমগঞ্জ জেলা এম আই এস কার্যসূচী বাস্তবায়নে প্রথম স্থান এবং এন সি ডি কার্যসূচী বাস্তবায়নে সেরা প্রদর্শনকারী জেলার স্বীকৃতি পেয়েছে। এছাড়া নিভিয়া প্রাথমিক স্বাস্থ্য

কেন্দ্রের স্বাস্থ্য আধিকারিক ডক্টর সুদীপ নাগকে উচ্চ ঝুঁকিপূর্ণ গর্ভবতী মহিলাদের অনুকরণীয় পরিষেবার জন্য জেলার সেরা প্রদর্শনকারী হিসেবে সম্মান জানানো হয়েছে।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব জেলার মাধ্যমিক স্তরের বিদ্যালয়গুলিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে আরোহন প্রকল্প চালু করার উদ্যোগ নিয়েছেন। জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলার সব শিক্ষাকর্মী ও কর্মচারীদের আরোহন পোর্টালে গিয়ে আগামী ২৫শে জুনের মধ্যে নাম নথিভুক্ত করতে অনুরোধ করেছেন। এই প্রকল্পের মাধ্যমে নবম থেকে দ্বাদশ শ্রেণীতে পাঠরত ১৩ থেকে ১৮ বছরের শিক্ষার্থীদেরকে কর্মজীবনের অগ্রগতি এবং সামগ্রিক বিকাশের জন্য পরামর্শ প্রদান করা হবে। উল্লেখ্য রাজ্য সরকার মাধ্যমিক স্তরের প্রতিভাধর শিক্ষার্থীদের অগ্রগতির দিকে লক্ষ্য রেখে রাজ্যব্যাপী আরোহন প্রকল্প শুরু করেছে।

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব জেলার মাধ্যমিক স্তরের বিদ্যালয়গুলিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে আরোহন প্রকল্প চালু করার উদ্যোগ নিয়েছেন। জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলার সব শিক্ষাকর্মী ও কর্মচারীদের আরোহন পোর্টালে গিয়ে আগামী ২৫শে জুনের মধ্যে নাম নথিভুক্ত করতে অনুরোধ করেছেন। এই প্রকল্পের মাধ্যমে নবম থেকে দ্বাদশ শ্রেণীতে পাঠরত ১৩ থেকে ১৮ বছরের শিক্ষার্থীদেরকে কর্মজীবনের অগ্রগতি এবং সামগ্রিক বিকাশের জন্য পরামর্শ প্রদান করা হবে। উল্লেখ্য রাজ্য সরকার মাধ্যমিক স্তরের প্রতিভাধর শিক্ষার্থীদের অগ্রগতির দিকে লক্ষ্য রেখে রাজ্যব্যাপী আরোহন প্রকল্প শুরু করেছে।

---

করিমগঞ্জ জেলা প্রশাসন ও কৃষি বিভাগের উদ্যোগে আগামীকাল ও আগামী শুক্রবার পি এম কিষান প্রকল্পে অর্ন্তভুক্ত যোগ্য হিতাধিকারীদের জন্য জেলার সব রাজস্ব চক্র আধিকারিক কার্যালয়ে বিশেষ পরিপূর্ণতা শিবিরের আয়োজন করা হয়েছে। জেলা কৃষি আধিকারিক জানিয়েছেন যে এই শিবিরে পি এম কিষান প্রকল্পের সঙ্গে আধার, জমির প্রমান পত্র, ই-কে ওয়াই সি, ব্যাঙ্ক বা পোস্ট অফিসের একাউন্টের সাথে সংযুক্তিকরন করা হবে। অন্যথায় ওই প্রকল্পে সংশ্লিষ্ট হিতাধিকারীকে অযোগ্য বলে বিবেচিত করা হবে। বিশদ জানার জন্য জেলা কৃষি আধিকারিকের কার্যালয়, মহকুমা কৃষি আধিকারিকের কার্যালয় বা কৃষি চক্র আধিকারিকের কার্যালয়ে পাওয়া যাচ্ছে।

কাছাড়ের জেলা পরিবহন আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে গত মে মাসে মদ্যপান করে যানবাহন চালানো বা যানবাহন চালানোর সময় মোবাইল ফোন ব্যবহার করার জন্য দু জন ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হয়েছে।

---

আসাম সরকারের ভাষিক সংখ্যালঘু বোর্ডের উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্মজয়ন্তী উৎসবকে কেন্দ্র করে আয়োজিত রাজ্য ভিত্তিক রবীন্দ্র সঙ্গীত ও রবীন্দ্র নৃত্য প্রতিযোগীতার কাছাড় জেলার অডিশন পর্ব আগামী ৮ ও ৯ই জুন শিলচরে অনুষ্ঠিত হবে। ইচ্ছুক প্রতিযোগীদের ৭০০২৫৮৪২৭৩, ৯৪৩৫১-৪৭৬৫৮ নম্বরের যোগাযোগ করতে বলা হয়েছে। উল্লেখ্য আগামী ৮ই জুন সকাল ১০টা থেকে রবীন্দ্র সঙ্গীত এবং ৯ই জুন সকাল ১০টা থেকে রবীন্দ্র নৃত্য প্রতিযোগীতার অডিশন পর্ব অনুষ্ঠিত হবে।

---

পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে বরাক উপত্যকার ৩৫ জন বেকার যুবককে স্বাবলম্বী করে তুলতে জেন্টস পার্লার ও সেলুন শিল্পের প্রশিক্ষন প্রদান করা হবে । এক মাসের এই প্রশিক্ষন কর্মশালায় ইচ্ছুক যুবকদের পেন কার্ড , আধার কার্ড , ব্যাঙ্ক পাসবুকের ফোটো কপি দিয়ে আবেদন করতে হবে । বিশদ বিবরনের জন্য শিলচর ন্যাশনেল হাইওয়ের আর সেটি কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

---